



বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০

www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com



বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর সূচক ১.১ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ তোজাম্মেল হক, উপ-পরিচালক (কৃষি), বাপার্ড।
সভার তারিখ ও সময় : ০৫-০১-২০২২ খ্রি:, বেলা: ১১:০০ ঘটিকা
সভার স্থান : বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এর ৫ম তলাস্থ সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা নিম্নরূপ:

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি, কর্মস্থল	স্বাক্ষর
১.	মোঃ আব্দুল গণি মিনা	উপ-পরিচালক (প্র: ও অঃ), বাপার্ড	স্বাক্ষরিত
২.	শেখ নাইমুর রহমান	সহকারী পরিচালক (প্রশিক্ষণ), বাপার্ড	স্বাক্ষরিত
৩.	মোঃ রাফিউল ইসলাম	সহকারী পরিচালক (প্রাণিসম্পদ), বাপার্ড	স্বাক্ষরিত
৪.	মাহামুদুল হাসান	সহকারী পরিচালক (আইটি, অ:দা:), বাপার্ড	স্বাক্ষরিত
৫.	মোঃ আজিম উদ্দিন	কারিগরি প্রশিক্ষক (কম্পিউটার), বাপার্ড	স্বাক্ষরিত

০২। সভাপতি ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বাপার্ড এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভাপতি অত:পর বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার বিষয়ে উপস্থাপন করার জন্য অনুমতি প্রদান করেন। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর প্রতিটি সূচক বাস্তবায়নের জন্য কমিটির সকল সদস্যকে একনিষ্ঠার সাথে কাজ করতে হবে। তিনি আরো বলেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী তৃতীয় কোয়ার্টারে একটি স্টেক হোল্ডারদের সভা আয়োজন করতে হবে। সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সভাকে বলেন যে, কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ত্রৈমাসিকভিত্তিতে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সকল সদস্য তাদের মতামত প্রদান করেন। উক্ত মতামতের প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৫


৩। সিদ্ধান্তসমূহঃ

(৩.১) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর প্রতিটি সূচক বাস্তবায়নের জন্য কমিটির সকল সদস্যকে একনিষ্ঠার সঙ্গে কাজ করার বিষয়ে সিদ্ধান্ত হয়;

(৩.২) তৃতীয় কোয়ার্টারে একটি স্টেক হোল্ডারদের সভা আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত হয়;

(৩.৩) কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ত্রৈমাসিকভিত্তিতে ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়;

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাম্মদ তোজাম্মেল হক)

উপ-পরিচালক (কৃষি)

তারিখঃ ০৫/০১/২০২২ খ্রি:।

স্মারক নং ৪৭.৬৯.৩৫৫১.৩০০.৪০.০১৬.২১- ২৩(৪)

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণঃ

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কৃষি), বাপার্ড;

০২। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ/কৃষি/প্রানিসম্পদ), বাপার্ড;

০৩। সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ/আইটি/কৃষি/প্রানিসম্পদ)/ লাইব্রেরিয়ান, বাপার্ড;

০৪। মহাপরিচালক মহোদয়ের পিএ, বাপার্ড।



বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০

www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com




স্মারক নং ৪৭.৬৯.৩৫৫১.৩০০.৪০.০১৬.২১- ১৬ (৩)

তারিখঃ ০৪/০১/২০২২ খ্রিঃ।

সভার নোটিশ

আগামী ০৫.০১.২০২২ খ্রি: তারিখ বুধবার বেলা ১১:০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর সূচক ১.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা একাডেমিক ভবনের ৫ম তলাস্থ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। বাপার্ডের উপ-পরিচালক (কৃষি) সভায় সভাপতিত্ব করবেন।

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


০৪.০১.২০২২

(মাহামুদুল হাসান)

সহকারী পরিচালক (আইটি, অঃদাঃ) ও

বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কমিটি

বিতরণঃ

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কৃষি), বাপার্ড।
- ২। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ/কৃষি/প্রাণিসম্পদ), বাপার্ড।
- ৩। সহকারী পরিচালক (প্রশিক্ষণ/আইটি/কৃষি/প্রাণিসম্পদ)/লাইব্রেরিয়ান, বাপার্ড
- ৪। কারিগরি প্রশিক্ষক (কম্পিউটার), বাপার্ড [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৫। মহা-পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাপার্ড।